



২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



২১ ফেব্রুয়ারি ২০২৩- মঙ্গলবার 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩' উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিবিস), কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি পক্ষে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ,



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এদিকে, দিবাগত রাত ১২.০১ মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহীদ মিনারে উপাচার্য মহোদয় এবং ট্রেজারার মহোদয় শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়।



এরপর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ স্ব-স্ব ব্যানার নিয়ে শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করে। এছাড়াও বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিকস), কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি, বাংলাদেশ ছাত্রলীগ জবি শাখা, বাঁধন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট, রেঞ্জার ইউনিট জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস গ্রুপ,



জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি ইউনিট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, উদীচী শিল্পীগোষ্ঠী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি সহ অন্যান্য সংগঠনের পক্ষে থেকে একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এসময় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

এদিকে, ২০ ফেব্রুয়ারি (সোমবার) সন্ধ্যা হতে একুশে ফেব্রুয়ারি দিবাগত রাত ১২টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ এবং সাংস্কৃতিক কেন্দ্রের আয়োজনে 'চেতনায় একুশ' শিরোনামে একুশের প্রথম প্রহর উদযাপন হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাহিত্য ও সাংস্কৃতিক স্ট্যান্ডিং কমিটির আহবায়ক অধ্যাপক ড. নূর মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন ট্রেজারার অধ্যাপক ড.



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



কামালউদ্দীন আহমদ এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. আইনুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. বজলুর রশীদ খান, আবৃত্তি সংসদের ব্যবস্থাপনা উপদেষ্টা কামরুল ইসলাম জুয়েল, বাংলাদেশ ছাত্রলীগ জবি শাখার সভাপতি মোঃ ইব্রাহীম ফরাজী, সাধারণ সম্পাদক এস. এম. আকতার হোসাইন।